গ্রহীতা ও পরিচর্যাকারীদের জন্য তথ্য
কমির্নেটি (Cuh-mir'-na-tee)
(কোভিড-19 ভ্যাকসিন, mRNA)
(2023-2024 ফর্মুলা)

এই সারসংক্ষেপটি আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে কথা বলার বিকল্প হিসেবে তৈরি করা হয়নি। আপনার যদি কোনো প্রশ্ন থাকে বা আপনি যদি আরো তথ্য পেতে চান, তবে অনুগ্রহ করে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

কমির্নেটি কী?

কমির্নেটি হলো এমন একটি ভ্যাকসিন যা কোভিড-19 থেকে সুরক্ষিত রাখতে 12 বছর ও তার বেশি বয়সী লোকজনের জন্য ব্যবহার করা হয়।

ভ্যাকসিন গ্রহণকারী সকল লোকজনকে কমির্নেটি সুরক্ষা নাও দিতে পারে।

কমির্নেটিতে কোভিড-19 সৃষ্টিকারী ভাইরাস SARS-CoV-2 থাকে না। কমির্নেটির কারণে আপনার কোভিড-19 হবে না।

কার কমির্নেটি গ্রহণ করা উচিত নয়?

আপনার কমির্নেটি গ্রহণ করা উচিত নয়, যদি আপনার:

- কমির্নেটি বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন-এর পূর্ববর্তী কোনো ডোজ গ্রহণ করার পর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়ে থাকে[1]
- এই ভ্যাকসিনগুলোর যেকোনো উপাদানের প্রতি তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া (**কমির্নেটিতে থাকা উপাদানগুলো কী কী?** দেখুন)

কমির্নেটি গ্রহণের পূর্বে, আপনার চিকিৎসা সংক্রান্ত সকল অবস্থা সম্পর্কে ভ্যাকসিন সরবরাহকারীকে বলুন, তার মধ্যে যদি:

- আপনার কোনো অ্যালার্জি থাকে
- আপনারযেকোনো কোভিড-19 ভ্যাকসিন-এর পূর্ববর্তী ডোজ গ্রহণ করার পর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়ে থাকে
- আপনার মায়োকার্ডাইটিস (হৃদপেশিতে প্রদাহ) অথবা পেরিকার্ডাইটিস (হৃদপেশির বাইরের আস্তরণে প্রদাহ) থেকে থাকে
- আপনার জ্বর থাকে
- আপনার রক্তক্ষরণের সমস্যা থাকে অথবা রক্ত পাতলা হয়
- আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল থাকে অথবা আপনি এমন কোনো ঔষধ ব্যবহার করেন যার প্রভাব রোগ প্রতিরোধ ক্ষমতার উপর পড়ে
- আপনি গর্ভবতী হন অথবা আপনি সন্তান ধারণের পরিকল্পনা করেন
- আপনি বুকের দুধ খাওয়ান
- আপনি অন্য COVID-19 ভ্যাকসিন নিয়ে থাকেন
- কখনো কোনও ইনজেকশন নেওয়ার পর আপনি অজ্ঞান হয়ে থাকেন

কমির্নেটি কীভাবে দেওয়া হয়?

মাংশপেশিতে ইনজেকশনের মাধ্যমে কমির্নেটি দেওয়া হয়।

---

[1] ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন (আসল মনোভ্যালেন্ট) ও ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর মতো একই উপায়ে কমির্নেটি (2023-2024 ফর্মুলা) তৈরি করা হয়, তবে SARS-CoV-2 অমিক্রন ভ্যারিয়েন্ট লাইনেজ XBB.1.5 (অমিক্রন XBB.1.5)-এর স্পাইক প্রোটিন এনকোড করে।

কমির্নেটির সম্ভাব্য ঝুঁকিসমূহ কী কী?

কমির্নেটির কারণে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হওয়ার যৎসামান্য সম্ভাবনা রয়েছে। সাধারণত ডোজ নেওয়ার কয়েক মিনিট থেকে 1 ঘণ্টা সময়ের মধ্যে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হতে পারে। এই কারণে আপনার ভ্যাকসিন সরবরাহকারী আপনাকে টিকা দেওয়ার পরে পর্যবেক্ষণের জন্য ভ্যাকসিন নেওয়ার স্থানে থাকতে বলতে পারেন। মারাত্মক অ্যালার্জির লক্ষণগুলোর মধ্যে থাকতে পারে:

- শ্বাস কষ্ট
- আপনার মুখ ও গলা ফুলে যাওয়া
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া
- সারা শরীরে খারাপ ফুসকুড়ি হওয়া
- মাথা ঘোরা ও দুর্বলতা

কমির্নেটি ও ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন সহ mRNA কোভিড-19 ভ্যাকসিন গ্রহণকারী কিছু কিছু লোকের ক্ষেত্রে মায়োকার্ডাইটিস (হৃদপেশিতে প্রদাহ) এবং পেরিকার্ডাইটিস (হৃদপেশির বাইরের আস্তরণে প্রদাহ) দেখা দিয়েছিল। 12 থেকে 17 বছর বয়স্ক লোকজনের ক্ষেত্রে কমির্নেটি গ্রহণের পরে মায়োকার্ডাইটিস ও পেরিকার্ডাইটিস হওয়ার বিষয়টি খুব সাধারণ ছিল। এই ধরনের অধিকাংশ লোকের ক্ষেত্রে, ভ্যাকসিন গ্রহণের কয়েকদিনের মধ্যেই উপসর্গগুলো দেখা দেওয়া শুরু করে। তবে এটি হওয়ার সম্ভাবনা খুবই কম। ভ্যাকসিন নেওয়ার পর, বিশেষ করে আপনি বা আপনার শিশু ভ্যাকসিনের কোনো ডোজ নেওয়ার পরবর্তী 2 সপ্তাহের মধ্যে যদি নিম্নলিখিত লক্ষণগুলোর মধ্যে কোনোটি দেখা দেয় তবে দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হওয়া উচিত:

- বুকে ব্যথা
- শ্বাস গ্রহণে সমস্যা
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া, বুক ধড়ফড় করা বা বুক ধুকপুক করা

কমির্নেটি বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিনগুলোর যেসকল পার্শ্ব-প্রতিক্রিয়া রিপোর্ট করা হয়েছে সেগুলোর মধ্যে রয়েছে:

- তীব্র অ্যালার্জি প্রতিক্রিয়া
- মারাত্মক নয় এমন অ্যালার্জিক প্রতিক্রিয়া যেমন ফুসকুড়ি, চুলকানি, লাল হয়ে ফুলে যাওয়া বা মুখমণ্ডল ফুলে যাওয়া
- মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ)
- পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ)
- ইনজেকশনস্থলে প্রতিক্রিয়া: ব্যাথা, ফুলে যাওয়া, লাল হয়ে যাওয়া, বাহুতে ব্যাথা
- সাধারণ পার্শ্ব-প্রতিক্রিয়াসমূহ: ক্লান্ত ভাব, মাথাব্যাথা, শীত লাগা, অস্থিসন্ধিতে ব্যাথ্যা, জ্বর, বমিবমি ভাব, অসুস্থ বোধ করা, লসিকার নোড ফুলে যাওয়া (লিম্ফ্যাডেনোপ্যাথি), ক্ষুধামন্দা, ডাইরিয়া, বমি হওয়া, মাথা ঘোরানো
- ভ্যাকসিনের ইনজেকশন দেওয়ার সাথে সংশ্লিষ্ট মূর্ছা যাওয়া

শুধুমাত্র এগুলোই কমির্নেটির সম্ভাব্য সব পার্শ্ব-প্রতিক্রিয়া নাও হতে পারে। আপনাকে উদ্বিগ্ন করে এমন অন্য কোনো পার্শ্ব-প্রতিক্রিয়ার ব্যাপারে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞেস করুন।

ভ্যাকসিন সম্পর্কিত পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে FDA/CDC ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (VAERS)-এর কাছে রিপোর্ট করুন। VAERS-এর টোল ফ্রি নম্বর হল 1-800-822-7967 অথবা অনলাইনে জানান https://vaers.hhs.gov/reportevent.html এই ঠিকানায়।

এছাড়াও, আপনি 1-800-438-1985 নম্বরের মাধ্যমে বা www.pfizersafetyreporting.com-এর মাধ্যমে Pfizer Inc.-এ পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে রিপোর্ট করতে পারেন।

আপনি যদি সন্তানসম্ভবা হন বা শিশুকে স্তন্যপান করান তবে কী হবে?

যদি আপনি গর্ভবতী হন বা বুকের দুধ পান করান, তবে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

কমির্নেটির উপাদানগুলো কী কী?

কমির্নেটিতে নিম্নলিখিত উপাদানগুলো থাকে:

- মেসেঞ্জার রাইবোনিউক্লিক এসিড (mRNA)
- লিপিড ((4-hydroxybutyl)azanediyl)bis(hexane-6,1-diyl)bis(2-hexyldecanoate), 2 [(polyethylene glycol)-2000]-N,N-ditetradecylacetamide, 1,2-distearoyl-sn-glycero-3-phosphocholine, ও কোলেস্টেরল)
- ট্রোমেথামাইন
- ট্রোমেথামাইন হাইড্রোক্লোরাইড
- সুক্রোজ

কমির্নেটিতে প্রিজার্ভেটিভ থাকে না।

গ্রহীতা ও পরিচর্যাকারীদের জন্য এই তথ্য আপডেট করা হতে পারে। গ্রহীতা ও পরিচর্যাকারীদের জন্য সর্বশেষ তথ্য পেতে অনুগ্রহ করে https://dailymed.nlm.nih.gov/dailymed/ ভিজিট করুন।

আপনার কোনো প্রশ্ন থাকলে, স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন বা www.COMIRNATY.com ভিজিট করুন বা 1-877-VAX-CO19 (1-877-829-2619) নম্বরে কল করুন।

BIONTECH

যার জন্য প্রস্তুত করা হয়েছে

BioNTech Manufacturing GmbH
An der Goldgrube 12
55131 Mainz, Germany

Pfizer

প্রস্তুতকারী

Pfizer Inc., New York, NY 10001

LAB-1587-1.0
US Govt. লাইসেন্স নং 2229

সংশোধিত: 09/2023